

# যুগান্তর

শনিবার ১৫ মার্চ ২০১৪ • ১ চৈত্র ১৪২০

15 March 2014, Page- 2nd

## মাহাথির ঢাকা আসছেন আজ

### যুগান্তর রিপোর্ট

আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ আজ সকালে ঢাকায় আসবেন। ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তনে যোগ দিতে আসছেন তিনি। সকাল ১০টায় একটি ভাড়া করা বিমানে চড়ে তিনি ঢাকায় হযরত শাহ জালাল (রহ.) আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছবেন। বিকালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএসের সমাবর্তনে 'সমাবর্তন বক্তা' হিসেবে গুরুত্বপূর্ণ ভাষণ দেবেন তিনি। ওই সমাবর্তনে প্রেসিডেন্ট ও ইউনিভার্সিটির চ্যান্সেলর আবদুল হামিদ সভাপতিত্ব করবেন। এর পর তিনি গণমাধ্যমের সঙ্গে মতবিনিময় করবেন।